



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৭নং ভেলুয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়
শ্রীবরদী, শেরপুর।
www.bheluaup.sherpur.gov.bd

পত্র নং- ০৫.৪৫.৮৯৯০.১৯০.১৫.০০০.২০২৩-৪২

তারিখ ১১ জ্যৈষ্ঠ, ১৪৩০
২৫ মে, ২০২৩

বিষয়ঃ গরু চুরি রোধে সামাজিক জনসচেতনতা বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র: অফিসার ইনচার্জ (তারফাং), শ্রীবরদী থানা, শেরপুর- এর মৌখিক নির্দেশনা, তারিখঃ ২৪/০৫/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সর্বসাধারণের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জানানো যাচ্ছে যে, গ্রামীণ জনসাধারণ আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষে বিক্রয়ের উদ্দেশ্যে গরু/মহিষ লালন-পালন করছেন। বর্তমান সময়ে বোরো মৌসুমের ধান কর্তন শেষ হওয়ায় চারদিকের ধান মাঠগুলো ফাঁকা ও নির্জন থাকার সুবাদে একশ্রেনীর অসাধু জনগোষ্ঠী রাতের অন্ধকারে গরু/মহিষ চুরি করার চেষ্টায় সর্বদা তৎপর রয়েছে। গরু/মহিষ চুরি রোধে সমাজের সকল স্তরের জনসাধারণকে নিম্নোক্ত নির্দেশনা সমূহ নিজ দায়িত্বে মেনে চলার জন্য পরামর্শ প্রদান করা হলো।

নির্দেশনা সমূহঃ

- ❖ আপনার গরু/মহিষ নিজ দায়িত্বে শক্ত, মজবুত গোয়াল ঘরে রাখুন।
- ❖ রাতের বেলায় গোয়াল ঘর অবশ্যই পাহারা দিন।
- ❖ প্রয়োজনে পরিবারের একাধিক সদস্য সময় ভাগ করে নিয়ে সিডিউল অনুসারে গোয়াল ঘর পাহারা দিন।
- ❖ রাতের বেলায় অপরিচিত কাউকে বাড়ির আশেপাশে দেখলে তার পরিচয় শনাক্ত করুন।
- ❖ যদি অপরিচিত ব্যক্তির উপর সন্দেহ হয় তাহলে আপনার এলাকার গ্রামপুলিশ, মেঘার, চেয়ারম্যান বা থানায় অবগত করুন।
- ❖ চোর সর্বদাই আপনার চলাফেরা লক্ষ্য রাখে। তাই, দিনের বেলায় পর্যাপ্ত ঘুম পেড়ে রাতের বেলায় গোয়াল ঘরে সজাগ থাকুন।
- ❖ প্রয়োজনে কল করুনঃ ০১৭১৪-৪১৬৬২৫ মোঃ জাবেদ আলী, দফাদার ৭নং ভেলুয়া ইউনিয়ন পরিষদ বা ০১৭১২-৪২৫২২২ এসআই সাইফুল মালেক, বিট অফিসার, ভেলুয়া ইউনিয়ন অথবা জাতীয় জরুরী কল সেন্টার ৯৯৯ এ।


(মোঃ আব্দুল করিম)

চেয়ারম্যান

৭নং ভেলুয়া ইউনিয়ন পরিষদ
শ্রীবরদী, শেরপুর।

মোবাইল নং- ০১৭১৮৫৭৯৩৬০

প্রাপক,

ইমাম/খতিব

জামে মসজিদ (সকল), ৭নং ভেলুয়া ইউনিয়ন

শ্রীবরদী, শেরপুর।